

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ।
shalla.sunamganj.gov.bd



করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবেলায় পুষ্টিসমৃদ্ধ খাদ্য সহায়তা বিতরণ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি
(খাদ্যের কথা ভাবলে পুষ্টির কথাও ভাবুন)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী করোনা ভাইরাসের সংক্রমন প্রতিরোধে দেশের জনগনকে সামাজিক দুরত্ব বজায় রাখার জন্য নিজ নিজ বাসস্থানে অবস্থান করার নির্দেশ দিয়েছেন। এ সময়ে অসচ্ছল, দিনমজুর, অভাবী, শ্রমজীবী, বেদে, রিকশাচালক, তাতী, মৎস্যজীবী, অতিদরিদ্র গর্ভবতী ও প্রসূতি পরিবার কর্মহীন হয়ে পড়ায় তাদেরকে খাদ্য সহায়তা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সবাইকে আহবান জানিয়েছেন। সরকারের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রীর আহবানে সাড়া দিয়ে দেশের সাধারণ মানুষ, বিশিষ্ট ব্যক্তিবর্গ, জনকল্যাণমুখী সংগঠন, বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, ব্যবসা প্রতিষ্ঠান, ব্যক্তিগত প্রতিষ্ঠান সহ বিভিন্ন পর্যায়ের সংগঠনগুলো খাদ্য সহায়তা নিয়ে এগিয়ে এসেছেন। মানব শরীরে মরণঘাতী করোনা ভাইরাস সংক্রমন ঠেকাতে, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য স্বাস্থ্যবিধি মেনে পুষ্টি সমৃদ্ধ খাবার গ্রহণ করা প্রয়োজন। করোনা ভাইরাস সংক্রমন জনিত আপদকালীন পুষ্টি সমৃদ্ধ খাদ্য সহায়তা প্রদান করার জন্য উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি কর্তৃক সম্ভাব্য খাদ্য তালিকা নিম্নে প্রদান করা হলো। স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় পূর্বক নিরাপদ সামাজিক দুরত্ব বজায় রেখে সামর্থ, প্রাপ্ততা ও স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রদত্ত তালিকা মাফিক পুষ্টি সমৃদ্ধ খাদ্য সহায়তা ও স্বাস্থ্য কিটস এই উপজেলার উপকারভোগীদের বাড়িতে পৌঁছে দেয়ার অনুরোধ করা হলো।

পুষ্টি সমৃদ্ধ খাদ্য তালিকাঃ

ক্রমিক নং	খাদ্যের নাম
১	চাউল/ চিরা/ মুড়ি/ আটা/ সুজি
২	মসুর ডাল/ মুগ ডাল
৩	চীনা বাদাম/ ছোলা
৪	ভিটামিন এ সমৃদ্ধ সোয়াবিন তেল/ সরিষার তেল
৫	আয়োডিন যুক্ত লবণ
৬	সবজি- মিষ্টি কুমড়া/ পেঁপে/ গাজর/ কমলা রং এর মিষ্টি আলু/ অন্যান্য সবজি
৭	মশলা জাতীয়- পেঁয়াজ/ রসুন/ আদা/ কাঁচা মরিচ/ কালো জিরা
৮	চিনি/ গুড়
৯	গুড়া দুধ (বি.দ্র.- বি.এম.এস. অ্যান্ড অনুষায়ী গুড়া দুধ মাতৃদুগ্ধ/ শিশুখাদ্যের বিকল্প হিসেবে বিবেচিত নয়।)
১০	ফলঃ লেবু/ খেজুর/ আপেল/ অন্য কোন দেশীয় ফল

স্বাস্থ্য কিটসঃ

ক্রমিক নং	উপকরণের নাম
১.	জীবাণুনাশক- স্যান্ডলন/ ডেটল
২.	সাবান/ হ্যান্ড ওয়াশ/ ব্লিচিং পাউডার
৩.	মাস্ক
৪.	হ্যান্ড গ্লাভস
৫.	নেইল কাটার

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


(মোঃ আদ-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।
shalla.uno@gmail.com
মোবাইল: ০১৭৩০৩৩১১১৫